**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ / ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।**

**এস.আর.ও. নং-১৬১-আইন/২০২২/১৭৪-মূসক।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার -

(১) বিধি ২ এর উপ-বিধি (১) এর দফা (খ) এর পর নিম্নরূপ নূতন দফা (খখ) সন্নিবেশিত হইবে, যথা:-

“(খখ) “চুক্তিভিত্তিক উৎপাদক” অর্থ পণ্যের স্বত্বাধিকারী কর্তৃক সরবরাহকৃত উপকরণ অথবা নিজস্ব উপকরণ ব্যবহার করিয়া পণের বিনিময়ে চুক্তিভিত্তিতে পণ্য উৎপাদনকারী;”;

(২) বিধি ১৬ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “বা ধারা ১০ এর অধীন তালিকাভুক্ত” শব্দগুলি ও সংখ্যা বিলুপ্ত হইবে;

(৩) বিধি ১৮ক এর উপ-বিধি (১) এ উল্লিখিত “বৈদেশিক মূদ্রায় স্থাপিত ঋণপত্রের” শব্দগুলি পরিবর্তে “বৈদেশিক মুদ্রায় স্থাপিত ঋণপত্রের বা চুক্তিপত্রের” শব্দগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে;

(৪) বিধি ২৪গ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “মূসক-৪.৩” এর পরিবর্তে “মূসক-৪.৬” প্রতিস্থাপিত হইবে;

(৫) বিধি ৪০ এর উপ-বিধি (১) এর-

(ক) দফা (ঘ) এর উপ-দফা (অ) এর পর নিম্নরূপ নূতন উপ-দফা (অঅ) সন্নিবেশিত হইবে, যথা:-

“(অঅ) চুক্তিভিত্তিক উৎপাদনের ক্ষেত্রে পণ্যের স্বত্বাধিকারী কর্তৃক আমদানীকৃত উপকরণ আমদানিস্থল হইতে নির্ধারিত শর্ত ও

পদ্ধতিতে চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট সরাসরি সরবরাহ করা যাইবে;” এবং

(খ) দফা (চ) এর উপ-দফা (আ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (আ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(আ) নিবন্ধিত বা তালিকাভুক্ত সরবরাহ গ্রহীতা উৎসে কর্তন বা আদায়কৃত মূসক সংশ্লিষ্ট কর মেয়াদ সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে নির্ধারিত অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করিবেন এবং জমা প্রদানের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ফরম “মূসক-৬.৬” এ সরবরাহকারীর অনুকূলে একটি উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিবেন;”;

(৬) বিধি ৪৮ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “কর মেয়াদ শেষ হওয়ার ন্যূনতম ৭ (সাত) দিন পূর্বে” শব্দগুলির পরিবর্তে “কর মেয়াদ সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৭) একাদশ অধ্যায়ের শিরোনামে উল্লিখিত “কমিশনার কর্তৃক” শব্দগুলি বিলুপ্ত হইবে;

(৮) বিধি ৫৭ক এর-

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত “কমিশনার” শব্দটির পরিবর্তে “কমিশনার বা আইনের ধারা ৮৬ এর সারণীতে বর্ণিত যথোপযুক্ত কর্মকর্তা” শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(২) নোটিশ প্রদানের ২১ (একুশ) দিনের মধ্যে যদি উক্ত ব্যক্তি দাখিলপত্র পেশ করিতে ব্যর্থ হন, তাহা হইলে সংশ্লিষ্ট কমিশনার বা আইনের ধারা ৮৬ এর সারণীতে বর্ণিত যথোপযুক্ত কর্মকর্তা ধারা ৭৩ অনুসরণপূর্বক কর নির্ধারণের লক্ষ্যে প্রাথমিক নোটিশ জারি করিয়া উহা চূড়ান্ত করিতে পারিবেন।”;

(৯) বিধি ৬১ এর উপ-বিধি (৫) এ উল্লিখিত “১৫ (পনেরো) কার্যদিবসের” সংখ্যা, বন্‌ধনী ও শব্দগুলির পরিবর্তে “৩০ (ত্রিশ) দিনের” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১০) বিধি ৬৫ এর-

(ক) উপ-বিধি (২) এর দফা (ক) এ উল্লিখিত “সমপরিমাণ” শব্দের পরিবর্তে “অন্যূন অর্ধেক এবং অনূর্ধ্ব পরিমাণ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৬) এর দফা (ঠ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঠ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(ঠ) আদেশে কোনো জরিমানা আরোপ করা হইয়া থাকিলে উক্ত জরিমানা জমা প্রদানের জন্য প্রযোজ্য অর্থনৈতিক কোড, সময় ও জমা প্রদানের পদ্ধতি;”

(১১) বিধি ৯৯ এর-

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১) মূল্য সংযোজন কর কমিশনারেট, বা ক্ষেত্রমত, আপিল কমিশনারেট বা আপিলাত ট্রাইবুনালে বা সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে বা আপিল বিভাগে নিষ্পন্নাধীন কোনো বিরোধ আইনের ধারা ১২৫ এর অধীন বিকল্প উপায়ে নিষ্পত্তি করিতে চাহিলে সংশ্লিষ্ট নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য বা তালিকাভুক্ত বা তালিকাভুক্তিযোগ্য ব্যক্তিকে সংশ্লিষ্ট কমিশনার বা কমিশনার (আপিল) বা প্রেসিডেন্ট (আপিলাত ট্রাইব্যুনাল), বা ক্ষেত্রমত, সুপ্রিম কোর্টের আপিল বিভাগ বা হাইকোর্ট বিভাগ, যাহাই প্রযোজ্য হয়, বিরোধীয় বিষয় সংশ্লিষ্ট প্রাসঙ্গিক দলিলাদিসহ ফরম “মূসক-১৭.১” এ-

(ক) কমিশনারেটে বিচারাধীন বা নিষ্পন্নাধীন মামলা বা বিরোধের ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনার; অথবা

(খ) আপিল কমিশনারেট বা আপিলাত ট্রাইবুনালে বিচারাধীন মামলা বা বিরোধের ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনার (আপিল) বা প্রেসিডেন্ট (আপিলাত ট্রাইব্যুনাল);

(গ) সুপ্রিম কোর্টের আপিল বিভাগ বা হাইকোর্ট বিভাগে বিচারাধীন মামলা বা বিরোধের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ;

এর নিকট দফা (ক) এর ক্ষেত্রে ২ (দুই) প্রস্থ এবং দফা (খ) ও দফা (গ) এর ক্ষেত্রে ৩ (তিন) প্রস্থে আবেদন করিতে হইবে।”;

(খ) উপ-বিধি (৪) এর শেষাংশে উল্লিখিত “নথি,” শব্দ ও চিহ্নের পরিবর্তে “নথির অনুলিপি,” শব্দগুলি ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) উপ-বিধি (৬) ও (৭) এর পরিবর্তে নিম্নরূপ নূতন উপ-বিধি (৬), (৭), (৮), (৯), (১০) ও (১১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(৬) বিকল্প বিরোধ নিষ্পত্তিযোগ্য কোনো মামলা, যাহা সুপ্রিম কোর্টের আপিল বিভাগে বা হাইকোর্ট বিভাগে বিচারাধীন রহিয়াছে, উহা সংক্ষুব্ধ ব্যক্তির আবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কমিশনারেট কর্তৃপক্ষের নিকট বিকল্প বিরোধ নিষ্পত্তির জন্য প্রেরণ করিতে পারিবেন।

(৭) আপিল বিভাগ বা হাইকোর্ট বিভাগ কর্তৃক বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ার জন্য সংশ্লিষ্ট আদালতে মামলাটি স্থগিত (Stay) থাকিবে।

(৮) যদি আপিল বিভাগ বা হাইকোর্ট বিভাগ উপ-বিধি (৬) এর অধীন কোনো আবেদনের ক্ষেত্রে বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় বিষয়টি নিষ্পন্নের জন্য সংশ্লিষ্ট কোনো কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদানসহ আবেদনপত্রটি মঞ্জুর করেন, তাহা হইলে নির্দেশিত কর্তৃপক্ষ, আইন দ্বারা বারিত না হইলে, উক্তরূপ নির্দেশিত পন্থায় মামলাটি নিষ্পত্তি করিবেন।

(৯) আপিল কমিশনারেট, বা ক্ষেত্রমত, আপিলাত ট্রাইব্যুনাল কর্তৃপক্ষ হইতে উপ-বিধি (৩) এ উল্লিখিত আবেদনপত্র ও উক্ত বিষয়ে প্রদত্ত নির্দেশনা বা উপ-বিধি (৮) এ উল্লিখিত সুপ্রিম কোর্টের আপিল বিভাগ বা হাইকোর্ট বিভাগ হইতে প্রাপ্ত নির্দেশনা প্রাপ্তির পর সংশ্লিষ্ট কমিশনারেট কর্তৃপক্ষ উক্ত আবেদনপত্রের উপর নির্দেশনা অনুযায়ী ইহার উপর তাহার দপ্তরের মন্তব্যসহ প্রতিনিধি মনোনয়নপূর্বক প্রয়োজনীয় দলিলাদিসহ সংশ্লিষ্ট নথির অনুলিপি উক্ত প্রতিনিধির মাধ্যমে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আপিল কমিশনারেটে, বা ক্ষেত্রমত, আপিলাত ট্রাইব্যুনালের মাধ্যমে, বা ক্ষেত্রমত, সুপ্রিম কোর্টের আপীল বিভাগ বা হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী উপ-বিধি (৪) মোতাবেক মনোনীত সহায়তাকারীর নিকট প্রেরণ করিবেন।

(১০) উপ-বিধি (৯) এর অধীন আবেদনপত্রসহ সংশ্লিষ্ট নথির অনুলিপি প্রাপ্তির পর মনোনীত সহায়তাকারীগণ ৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনে উল্লিখিত বিরোধীয় বিষয়টি নিষ্পত্তির জন্য ব্যবস্থা গ্রহণ করিবেন।

(১১) আবেদনপত্রসহ নথির অনুলিপি প্রাপ্তির ৯০ (নব্বই) কার্যদিবসের মধ্যে বিকল্প বিরোধ নিষ্পত্তি করিতে হইবে।";

(১২) বিধি ১০১ এর উপ-বিধি (১) এর দফা (গ) এ উল্লিখিত “চার্টার্ড একাউন্ট্যান্ট” শব্দগুলির পর “বা কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্ট” শব্দগুলি সন্নিবেশিত হইবে; এবং

(১৩) বিধি ১০৮ এর শেষাংশে উল্লিখিত “।” চিহ্ন বিলুপ্ত হইবে অতঃপর “এবং কোনো তদন্তকারী সংস্থা এতদবিষয়ে কোনো তদন্ত কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না।” শব্দগুলি ও চিহ্ন সংযোজিত হইবে;

(১৪) ফরম “মূসক-৪.৫” এর পর নিম্নরূপ নূতন ফরম “মূসক-৪.৬” সন্নিবেশিত হইবে, যথা:-

**মূসক-৪.৬**

“গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

**বর্জ্য (ওয়েস্ট) বা উপজাত (বাই- প্রোডাক্ট) পণ্যের সরবরাহ ও নিষ্পত্তির আবেদনপত্র**

[ বিধি-২৪গ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য ]

| | |
|---|---|
| নিবন্ধিত/তালিকাভুক্ত ব্যক্তির নাম: | বিআইএন: |
| ঠিকানা: | পণ্যের এইচএস কোড: |

| ক্রমিক নং | পণ্যের নাম | পরিমাণ | একক | প্রস্তাবিত একক মূল্য | মোট মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

আমি ঘোষণা করছি যে, এই আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সত্য ও সঠিক।

**তারিখ: ............................**

প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম:
পদবি:
স্বাক্ষর:
সিল:

**অপর পৃষ্ঠা দ্রষ্টব্য**

| |
|---|
| **(আবেদনকারীর জন্য নির্দেশনা)**<br><br>বর্জ্য (ওয়েস্ট) বা উপজাত (বাই- প্রোডাক্ট) পণ্য সরবরাহের ক্ষেত্রে বাজারমূল্যের সহিত সামঞ্জস্য রাখিয়া মূল্য সঠিকভাবে লিপিবদ্ধ করিতে হইবে। |
| **(বিভাগীয় দপ্তর পূরণ করিবে)**<br><br>১। পণ্যসমূহ উল্লিখিত মূল্যে বিক্রয়ের অনুমতি বা ধ্বংস করিবার নির্দেশ প্রদান করা হইল।<br><br>২। তদন্ত প্রতিবেদন অনুসারে সরবরাহযোগ্য বলিয়া নির্ণীত পণ্য ..................... ........... টাকা মূল্যে সরবরাহের অনুমোদন করা হইল।<br><br>৩। তদন্ত প্রতিবেদন অনুসারে .................................... টাকা ................. মাসের দাখিলপত্রে বৃদ্ধিকারী সমন্বয়ের নির্দেশ প্রদান করা হইল।<br><br>৪। সমুদয় পণ্য/ ............................. টাকা মূল্যের পণ্য ......................... (কর্মকর্তার নাম) এর উপস্থিতিতে ধ্বংসের অনুমতি প্রদান করা হইল।<br><br>৫। আপনার আবেদন নিম্নোক্ত কারণে বাতিল করা হইল, যথা:-<br>..........................................................................................<br>..........................................................................................<br>..........................................................................................<br><br>বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর<br>তারিখ: নাম:<br>পদবি:<br>সিল: |

";

(১৫) ফরম "মূসক-৬.৬" এ উল্লিখিত "বুক ট্রান্সফার/ট্রেজারি চালান/দাখিলপত্রে বৃদ্ধিকারী সমন্বয়ের" শব্দগুলি ও চিহ্নগুলির পরিবর্তে "বুক ট্রান্সফার/ট্রেজারি চালানের" শব্দগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে এবং উক্ত ফরমের টেবিলে উল্লিখিত "সরবরাহ মূল্য" শব্দগুলির পরিবর্তে "পণ" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(১৬) ফরম "মূসক-৬.৭" এর শেষাংশে উল্লিখিত "পণ্য/সেবার মূসক ও সম্পূরক শুল্কসহ মূল্য।" শব্দগুলি ও চিহ্নগুলির পরিবর্তে "সকল প্রকার কর ব্যতীত মূল্য।" শব্দগুলি ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(১৭) ফরম "মূসক-৬.৮" এর শেষাংশে উল্লিখিত "পণ্য/সেবার মূসক ও সম্পূরক শুল্কসহ মূল্য।" শব্দগুলি ও চিহ্নগুলির পরিবর্তে "সকল প্রকার কর ব্যতীত মূল্য।" শব্দগুলি ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(১৮) ফরম "মূসক-৯.১" এর-

(ক) Part-2 এর Serial No. 2 এর পর নিম্নরূপ Serial No. 2a. এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 2a. | Economic Activity is Trader or approved wholesaler and want to pay VAT at the rate of 5% or 1.5%.<br>[If “No” is selected, please fill up the full Mushak-9.1 form] | | ☐ Yes | ☐ No | |

”;

(খ) Part-7 এর-

(অ) Item “Supplementary Duty Against Issuance of Debit Note” এর পরিবর্তে “Increasing Adjustment of Supplementary Duty” প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) Item “Supplementary Duty Against Issuance of Credit Note” এর পরিবর্তে “Decreasing Adjustment of Supplementary Duty” প্রতিস্থাপিত হইবে;

(গ) মূসক দাখিলপত্র পূরণের নির্দেশিকা এর ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতির অংশ-২: দাখিলপত্র জমার তথ্য এর ক্রমিক নং/নোট ২ এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং/নোট ২ক এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“

| | | |
|---|---|---|
| ২ক | ব্যবসায়ী হিসেবে দাখিলপত্র পূরণ | • ব্যবসায়ী বা অনুমোদিত পাইকারী ব্যবসায়ী হিসেবে ৫% বা ১.৫% হারে (প্রযোজ্য ক্ষেত্রে) মূসক পরিশোধপূর্বক অনলাইনে সংক্ষিপ্ত রিটার্ণ পেশ করিতে ইচ্ছুক হইলে, “হ্যা” নির্বাচন করিবেন এবং তদানুযায়ী অনলাইনে সংক্ষিপ্ত রিটার্ণ ফরম পূরণ করিবেন। অপরদিকে “না” নির্বাচন করিলে, পূর্ণাঙ্গ ফরমের প্রযোজ্য অংশসমূহ পূরণ করিতে হইবে। |

”;

(ঘ) মূসক দাখিলপত্র পূরণের নির্দেশিকা এর ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতির অংশ-৭: নীট কর হিসাব এর ক্রমিক নং/নোট ৩৮ ও ৩৯ এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের

পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং/নোট ৩৮ ও ৩৯ এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“

| | | |
|---|---|---|
| ৩৮ | সম্পূরক শুল্ক হ্রাসকারী সমন্বয় | • ডেবিট নোট ইস্যুর ক্ষেত্রসহ, কোনো সরবরাহের ক্রয় মূল্য বা পরিমাণ পরিবর্তিত হইলে/ আইনের বিধান সাপেক্ষে প্রদেয় সম্পূরক শুল্ক এর পরিমাণ বৃদ্ধি পাইলে যে পরিমাণ পরিবর্তিত হইয়াছে তাহার হিসাব (সম্পূরক শুল্ক এর পরিমাণ) এইখানে উল্লেখ করিতে হইবে। |
| ৩৯ | সম্পূরক শুল্ক বৃদ্ধিকারী সমন্বয় | • ক্রেডিট নোট ইস্যুর ক্ষেত্রসহ, বিক্রয়ের পর সরবরাহের কিছু অংশ ফেরত আসিলে/ সরবরাহের মূল্য পরিবর্তিত হইলে/ আইনের বিধান সাপেক্ষে প্রদেয় সম্পূরক শুল্কের পরিমাণ হ্রাস পাইলে ঘটনার সহিত সংশ্লিষ্ট সরবরাহের যে পরিমাণ সংশ্লেষ রহিয়াছে তাহার হিসাব (সম্পূরক শুল্কের পরিমাণ) এইখানে উল্লেখ করিতে হইবে। |

”;

(১৯) ফরম “মূসক-১১.১” এর শেষাংশে উল্লিখিত “কমিশনার” শব্দের পরিবর্তে “ক্ষমতাপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২০) ফরম “মূসক-১১.২” বিলুপ্ত হইবে; এবং

(২১) ফরম “মূসক-১২.১৩” এর ক্রমিক নং (ঠ) ও এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (ঠ) ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(ঠ) আদেশে কোনো জরিমানা আরোপ করা হইয়া থাকিলে উক্ত জরিমানা জমা প্রদানের জন্য প্রযোজ্য অর্থনৈতিক কোড, সময় ও জমা প্রদানের পদ্ধতি:”।

২। এই প্রজ্ঞাপন ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**( জাকিয়া সুলতানা )**
**সদস্য ( মূসক নীতি )**